



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা



শিক্ষা ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
www.dia.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১৯.০০০০.০০১.১৮.০১২.২০.৩৭৭

তারিখ: ২২ আগস্ট ২০২১

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বাস্তবায়িত কর্মসূচির সচিটত্র বিবরণী প্রেরণ।

সূত্র: ৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০৮.১৯.৩০১ ১২ আগস্ট ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ অধিদপ্তর কর্তৃক মুজিববর্ষে গৃহীত কর্মসূচি এবং বাস্তবায়নের অগ্রগতি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

ক্রমিক	অধিদপ্তর/দপ্তর/সংস্থার নাম	কর্মপরিকল্পনা মোতাবেক কর্মসূচি	কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি
১।	পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা।	মানসম্মত শিক্ষা ও দুর্নীতিমুক্ত শিক্ষা প্রশাসন সম্বলিত পোষ্টার তৈরি ও প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে (সাধারণ, কারিগরী ও মাদ্রাসা) প্রদর্শন করা হবে।	বিশ্ব মহামারী কোভিড-১৯ এর কারণে ব্যয় সাশ্রয়ের উদ্দেশ্যে প্রকাশ করা হয়নি। ডিজাইন করা আছে। এ অধিদপ্তরের প্রতিষ্ঠা বার্ষিকী ১ অক্টোবর ২০২১ এর মধ্যে প্রকাশ করা হবে।
২।	এ	মাঠ পর্যায়ে পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য তথ্য প্রযুক্তি নির্ভর কর্মসূচি গৃহীত হয়েছে। এ অধিদপ্তরের সকল কার্যক্রম অটোমেশনের আওতায় আনয়নের জন্য অটোমেশন সফটওয়্যার প্রস্তুতসহ সকল কর্মকর্তা-কর্মচারীর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অটোমেশন কার্যক্রমের পাইলটিং সম্পন্ন করা হয়েছে। সকল ত্রুটি-বিচ্ছ্যতিমুক্ত ও প্রয়োজনীয় সংশোধনপূর্বক এ অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে স্বচ্ছ ও জবাবদিহিতামূলক পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম চালু করা হয়েছে।	মুজিব বর্ষের যে কোন সময় অটোমেশন সফটওয়্যারের আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে।

০৩।	ঐ	দেশের ৩৬৭০০ শিক্ষা প্রতিষ্ঠানকে (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান) বার্ষিক পরিদর্শনের আওতায় আনায়নের জন্য পিয়ার ইন্সপেকশন সফটওয়্যার সিস্টেমের আওতায় আনা হবে। পিয়ার ইন্সপেকশন হলো এমন একটি পদ্ধতি যেখানে এক প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সমপর্যায়ের অন্য প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম নির্ধারিত ছক মোতাবেক পরিচালনা করা। ১৭ ই মার্চ ২০২১ এর মধ্যে সফটওয়্যারটির পাইলটিং কার্যক্রম শুরু করার প্রচেষ্টা ছিল। বিশ্ব মহামারী কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় কার্যক্রম বাস্তবায়ন বিলম্ব হচ্ছে।	এসইডিপি এর আওতায় স্কিম গৃহীত হলে বাস্তবায়ন হবে। এসইডিপিতে স্কিম জমা দেয়া হয়েছিল। কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক স্কিম সংশোধন করার কাজ চলমান রয়েছে।
০৪।	ঐ	এ অধিদপ্তর বিএড/এমএড প্রশিক্ষণার্থীদের নিয়ে শিক্ষানবিশ কার্যক্রম মাধ্যমে সারাদেশের ৩৬৭০০ শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান) প্রত্যেক শিক্ষকের শ্রেণি পাঠদান ব্যবস্থা পরিবীক্ষণ পূর্বক একটি প্রতিবেদন সুপারিশসহ শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা এবং কারিগরি ও মাদ্রাসা বিভাগে প্রেরণ করা হবে।	একটি ওয়ার্কশপ সম্পন্ন হয়েছে। কনসেপ্ট পেপার তৈরীর কাজ চলমান। শিক্ষা প্রতিষ্ঠান খোলা হলে পাইলটিং শুরা হবে।
০৫।	ঐ	সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থ ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে (শিওর ক্যাশ, নগদ, বিকাশ, রকেট ইত্যাদি) সংগ্রহ এবং আয়-ব্যয় সম্পর্কিত যাবতীয় হিসাব সফটওয়্যার এর মাধ্যমে সম্পন্ন এবং সংরক্ষণ করা হবে, যেখানে ক্যাশ বহি, সাবসিডিয়ারি রেজিস্টার, একুইটপ রুল ইত্যাদি ডিজিটাল ভার্সনে সন্নিবেশিত হবে। যা উক্ত প্রতিষ্ঠানসমূহের আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করবে।	২০২০-২০২১ অর্থবছরে 'অটোমেশন সফটওয়্যার উইথ পেমেণ্ট সিস্টেম এ্যাপস' প্রস্তুতের উদ্ভাবনী ধারণা গৃহীত হয়েছে। বিষয়টি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অভিনন্দিত হয়েছে।
০৬।	ঐ	১লা জুলাই/২০১৯ হতে ৩০শে জুন/২০২০ পর্যন্ত পরিদর্শন ও নিরীক্ষা সম্পর্কিত প্রতিবেদনের ভিত্তিতে শিক্ষার মান, আর্থিক ওদপ্তর ব্যবস্থাপনা সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ করা হবে।	বিশ্ব মহামারী কোভিড-১৯ এর কারণে ব্যয় সাশ্রয়ের উদ্দেশ্যে প্রকাশ করা হয়নি। ডিজাইন করা আছে। এ অধিদপ্তরের প্রতিষ্ঠা বার্ষিকী ১ অক্টোবর ২০২১ এর মধ্যে প্রকাশ করা হবে।
০৭।	ঐ	স্বচ্ছ ভাবমূর্তির ডিআইএ এবং দুর্নীতিমুক্ত শিক্ষা প্রতিষ্ঠান আমাদের মুজিব বর্ষের অঙ্গীকার।	চলমান

A

২২-৮-২০২১

প্রফেসর অলিউল্লাহ মোঃ আজমতগীর
পরিচালক

ফোন: ৯৫৫২৮৫৮

সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

ইমেইল: directordia81@gmail.com

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, সময় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ